**যায়যায়দিন**

তারিখ ... 19 JUL 2009
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৬

সেমিনারে বক্তারা

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কর আরোপ উচ্চশিক্ষাকে বাধাগ্রস্ত করবে

আবুল হোসেন গাজীপুর

ঘোষিত বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শতকরা ১৫ ভাগ কর নির্ধারণের প্রস্তাব করায় অগ্রসরমাণ উচ্চশিক্ষা বাধাগ্রস্ত হবে বলে মনে করেন দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। বৃহস্পতিবার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজিতে (আইইউবিএটি) বাজেট মূল্যায়ন সম্পর্কিত এক সেমিনারে বক্তারা এ অভিমত ব্যক্ত করেন।

বক্তারা আরো বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কর আরোপ করা হলে, দক্ষ জনশক্তি গঠনে দেশ আশানুরূপভাবে এগোতে পারবে না। সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গঠনেও হোঁচট খাবে। তাই এ কর প্রত্যাহারের দাবি জানানো হয়। বক্তারা কৃষিপ্রধান বাংলাদেশে কৃষি খাতের চেয়ে প্রতিরক্ষা খাতে বাজেট বরাদ্দ বেশি রাখারও সমালোচনা করেন।

গতকাল দুপুরে টঙ্গীর তুরাগ তীরে অবস্থিত আইইউবিএটি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ আয়োজিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এম আলিমুল্লাহ মিঞা, কানাডার বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. জন রিচার্ড, প্রফেসর মিস্টার অ্যালেক্স, ড. এম এ জব্বার প্রমুখ বক্তব্য রাখেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চন্দন কুমার সরকার।